RPGCL
A Company of Petrobangla

# রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

## তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) অগ্রগতি প্রতিবেদন (৩য় কোয়ার্টার)।

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | ৩য় কোয়ার্টারে অর্জিত মান | ক্রমপুঞ্জিত মান | মন্তব্য/প্রমাণক সংযুক্ত (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| প্রাতিষ্ঠানিক | ০৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | % | ০৬ | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০ % | ৬০ % | ১.৫০ | ৪.৫০ | আবেদন পাওয়া যায় নাই |
| সক্ষমতাবৃদ্ধি | ১৯ | [১.২] স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০৪ | | | ৩১-১২-২০২২<br>৩০-০৬-২০২৩ | ১৫-০১-২০২৩ | ৩১-০১-২০২৩ | - | - | - | ৪.০০ | ৩য় কোয়ার্টারে প্রযোজ্য নয় |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০৩ | | | ১৫-১০-২০২২ | ৩১-১০-২০২২ | ৩০-১১-২০২২ | - | - | - | ৩.০০ | নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশিত |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | তারিখ | ০৩ | | | ৩১-১২-২০২২ | ১৫-০১-২০২৩ | ৩১-০১-২০২৩ | - | - | - | ৩.০০ | হালনাগাদকৃত |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০৪ | | | ৩ | ২ | ১ | - | - | ১.৩৩ | ৪.০০ | সভার বিজ্ঞপ্তি ও কার্যবিবরণী |
| | | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিমালা, প্রবিধিমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ০৩ | | | ৩ | ২ | ১ | - | - | ১.০০ | ৩.০০ | অফিস আদেশ ও হাজিরা বিবরণী |
| | | [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | সংখ্যা | ০২ | | | ৪ | ৩ | ২ | ১ | - | ০.৫০ | ১.৫০ | ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত |
| মোট মান: | ২৫ | | | | | | | | | ৩য় কোয়ার্টারে মোট অর্জিত মান: | | | ৪.৩৩ | | |

৩০/০৩/২০২৩
হাসান আব্দুল্লাহ
উপব্যবস্থাপক (জনসংযোগ ও আইন)

৩০/০৩/২৩
রাবিয়া হক
ব্যবস্থাপক (জনসংযোগ ও আইন) ও
বিকল্প ফোকাল পয়েন্ট, আরটিআই

30/03/23
মোঃ মোশারফ হোসেন
উপমহাব্যবস্থাপক (কোম্পানি অ্যাফেয়ার্স) ও
ফোকাল পয়েন্ট, আরটিআই






# তথ্য প্রদানকারী কর্মকর্তা

## দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা



| | |
|---|---|
| কর্মকর্তার নাম | মোঃ মোশারফ হোসেন |
| পদবি | উপমহাব্যবস্থাপক (কোম্পানি এফেয়ার্স) |
| ফোন | |
| মোবাইল | ০১৭০৯ ৬৩৯ ৬৮৩ |
| ই-মেইল | mosharaf.gtcl@gmail.com |

| | |
|---|---|
| ঠিকানা | প্লট-২৭, নিউ এয়ারপোর্ট রোড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |

## বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা



| | |
|---|---|
| কর্মকর্তার নাম | রাবিয়া হক |
| পদবি | ব্যবস্থাপক (জনসংযোগ ও আইন) |
| ফোন | - |
| মোবাইল | ০১৭৭৭ ৭৬৮ ০৯২ |
| ই-মেইল | rahoq@hotmail.com |

| | |
|---|---|
| ঠিকানা | আরপিজিসিএল ভবন, প্লট # ২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২১৬ |

## আপীল কর্মকর্তা



| | |
|---|---|
| কর্মকর্তার নাম | জনেন্দ্র নাথ সরকার |
| পদবি | চেয়ারম্যান |
| ফোন | ০২৮১৮৯৯৪৪ |
| মোবাইল | |
| ই-মেইল | petchair@petrobangla.org.bd |

| | |
|---|---|
| ঠিকানা | পেট্রোসেন্টার, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ |

# রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

বিষয়: তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম (তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি) এর প্রতিবেদন ছক।

| বিবেচ্য সময়ের মধ্যে (৩য় কোয়ার্টার) প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে (৩য় কোয়ার্টার) নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | অনিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) সময়ে কোন আবেদন পাওয়া যায়নি। | নাই | নাই | নাই | ১০০% |

রাবিয়া হক 30/03/23
ব্যবস্থাপক (জনসংযোগ ও আইন) ও
বিকল্প ফোকাল পয়েন্ট, আরটিআই

মোঃ মোশারফ হোসেন 30/03/23
উপমহাব্যবস্থাপক (কোম্পানি অ্যাফেয়ার্স) ও
ফোকাল পয়েন্ট, আরটিআই

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
কোম্পানি অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট

## কোম্পানির ৩৮তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | যাবেদ চৌধুরী<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি:, রোজ : রবিবার। |
| সভার সময় | বেলা: ২:৩০ মিনিট। |
| স্থান | অনলাইন জুম মিটিং। |
| উপস্থিতি | রেকর্ডেড। |

সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর সভাপতি কোম্পানি সচিব-কে সভার কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার অনুরোধ জানান।

**সভার আলোচ্যসূচি :**

(১) বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ;
(২) পূর্বেকার সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদি পর্যালোচনা।

বিগত সভার কার্যবিবরণী নিয়ে কোনো দ্বিমত না থাকায় সভাপতি কার্যবিবরণী নিশ্চিত করেন। অত:পর সভাপতির অনুরোধক্রমে কোম্পানি সচিব বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং সংযুক্ত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **১। এলএনজি আমদানি/সরবরাহ :** | | | |
| | সভায় অবহিত করা হয় যে, জুলাই ২০২২ থেকে ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত ৩৭টি এলএনজি কার্গোর মাধ্যমে ২.২৮৪ মিলিয়ন টন এলএনজি আমদানি করে জাতীয় গ্যাস গ্রিডে গড়ে দৈনিক ৪৫৫ এমএমসিএফডি হারে আরএলএনজি সরবরাহ করা হয়েছে। এছাড়া ফেব্রুয়ারি'২৩ থেকে জুন'২৩ পর্যন্ত স্পট মার্কেট হতে ১২টি এলএনজি কার্গো আমদানির অনুমোদন পাওয়া গেছে। ফেব্রুয়ারি ২০২৩ মাসে একটি স্পট কার্গোসহ মোট ৫টি এলএনজি কার্গো আমদানি করা হয়েছে। | এলএনজি আমদানির লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং নিরবচ্ছিন্নভাবে আরএলএনজি সরবরাহ করতে হবে। | এলএনজি ডিভিশন |
| **২। ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল :** | | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় অবহিত করা হয় যে, মাতারবাড়িতে 'বঙ্গবন্ধু শেখ মুজিব ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল' নির্মাণের জন্য উপযুক্ত স্থান নির্ধারণের লক্ষ্যে CPGCBL এর অব্যবহৃত অংশ হতে একটি অধিকতর উপযুক্ত স্থান নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত প্রদানের জন্য মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ২৩-০১-২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তাবিত জমি আরপিজিসিএল কর্তৃক ব্যবহার বিষয়ে অনাপত্তি প্রদানের অনুরোধ জানিয়ে বিদ্যুৎ বিভাগকে ১৪-০২-২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | মাতারবাড়িতে বঙ্গবন্ধু শেখ মুজিব ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের জন্য ভূমি হস্তান্তর কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | এলএনজি ডিভিশন |
| **৩। এলএনজি সংক্রান্ত অন্যান্য কার্যক্রম :** | | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় অবহিত করা হয় যে, মাতারবাড়িতেLand Based LNG Terminalনির্মাণের জন্য Shortlisted ৮টি প্রতিষ্ঠান বরাবর Request for Proposal (RFP)ইস্যু করা হয়েছে। RFPদাখিলের সময়সীমা আগামী ১০-০৮-২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।<br><br>SOSCL, ENOC, EEBL, Qatar Energy এবং OQT হতে দীর্ঘমেয়াদি পদ্ধতিতে এলএনজি আমদানির লক্ষ্যে আরপিজিসিএল হতে গৃহীত সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সভায় বিস্তারিতভাবে আলোকপাত করা হয়।<br><br>SOSCL কর্তৃক প্রস্তাবিত মহেশখালি ৩য় ভাসমান এলএনজি টার্মিনাল (FSRU) স্থাপন সংক্রান্ত বিষয়ে সভায় অবহিত করা হয় যে, খসড়া TUA এবং IA এর unresolved বিষয়াদির উপর পিপিসি'র একটি ভার্চুয়াল সভা ০৯-০২-২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট বিষয়সমূহ নিষ্পন্ন করে TUA ও IA স্বাক্ষর পরবর্তী ২-৩ বছরের মধ্যে টার্মিনালটি স্থাপন করা সম্ভব হবে মর্মে আশা করা যায়।<br><br>Excelerate Energy (EE) কর্তৃক পটুয়াখালীর পায়রায় দেশের ৪র্থ FSRU স্থাপন বিষয়ে সভায় অবহিত করা হয় যে, ২৪-০১-২০২৩ তারিখ EE এর সাথে ভার্চুয়াল সভা হয়, পরবর্তীতে ৩১-০১-২০২৩ এবং ০২-০২-২০২৩ তারিখে EE এবং কারিগরী কমিটির মধ্যে নেগোসিয়েশন সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনা মোতাবেক EE হালনাগাদ Termsheet কারিগরি কমিটি/পেট্রোবাংলা বরাবর প্রেরণ করে, যা আইনজীবীর কাছে মতামতের জন্য প্রেরণ করা হয়েছে।<br><br>EEBL MLNG Expansion বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, কারিগরী কমিটির সাথে EEBL এর ০১-০২-২৩ তারিখে নেগোসিয়েশন সভা হয়। সভায় EEBL এর দাখিলকৃত Value analysis এর উপর বিস্তারিত আলোচনা হয়। একটি Financial Analysis প্রেরণ বিষয়ে EEBL কে অনুরোধ জানানো হয়।<br><br>অন্যদিকে, H-Energyহতে আরএলএনজি আমদানির বিষয়ে সভায় আরও উল্লেখ করা হয় যে, কারিগরি কমিটি ও H-Energy এর মধ্যে RLNG- SA এর বিভিন্ন অমিমাংসিত বিষয়ের উপর ১৩-০২-২০২৩ তারিখে নেগোসিয়েশন সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত আলোচনার ভিত্তিতে H-Energy তাদের মতামত প্রেরণ করেছে এবং এর উপর আইনজীবীর মতামত গ্রহণ করা হয়েছে যা H-Energy বরাবর প্রেরণ করা হবে। | এলএনজি সংক্রান্ত দৈনন্দিন কাজের পাশাপাশি চলমান/অপেক্ষমান অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্নের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে সচেষ্ট থাকতে হবে। | |
| **৪। এলএনজি সিঅ্যান্ডএফ কার্যক্রম :** | | | |

১১৭ ১২৩

| | | | |
|---|---|---|---|
| | সভায় মহাব্যবস্থাপক (প্রশাসন) অবহিত করেন যে, ২৪/০১/২০২৩ তারিখ পর্যন্ত মোট ২৯৬টি কার্গোর মাধ্যমে এলএনজি আমদানি করা হয়েছে। অবশিষ্ট ১০৭টি কার্গোর ভ্যাট ও আইটির টাকা অপরিশোধিত রয়েছে। তন্মধ্যে ৯৫ টি কার্গোর Bill of Entry এবং ৫৯টি কার্গোর Assessment সম্পন্ন ও ৩৬টি কার্গোর Assessment প্রক্রিয়াধীন রয়েছে। অবশিষ্ট ১২টি কার্গোর Bill of Lading (BL) Amendment কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সার্বিক বিষয়টি অবহিত হওয়ার পর সভাপতি পরবর্তীতে ডকুমেন্টস প্রাপ্তি সাপেক্ষে Assessment সম্পন্ন এবং প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি সাপেক্ষে শুল্কায়ন কাজ সম্পন্ন করতে সভায় গুরুত্বারোপ করেন। | আমদানিকৃত এলএনজি কার্গোর শিপিং ডকুমেন্টস প্রাপ্তি সাপেক্ষে Assessment সম্পন্ন এবং প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি সাপেক্ষে শুল্কায়ন কাজ সম্পন্ন করতে হবে। | প্রশাসন ডিভিশন/অর্থ ডিভিশন |
| **৫। বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ) কর্তৃক ভ্যাট আরোপ :** | | | |
| | সভায় উপমহাব্যবস্থাপক (অর্থ) অবহিত করেন যে, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)-এর ডেপুটি কমিশনারের সাথে যোগাযোগ করা হয়েছে। তিনি অবহিত করেছেন যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল মতিঝিল থেকে আগারগাঁওস্থ নতুন কার্যালয়ে স্থানান্তর হওয়ায় সেখানে দাপ্তরিক সকল কার্যক্রম এখনও পুরোপুরি শুরু হয়নি। শীঘ্রই ভ্যাট আপিলাত ট্রাইব্যুনালের দাপ্তরিক সকল কার্যক্রম শুরু হবে। তৎপরবর্তী এ সংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আপত্তিটি নিষ্পত্তিকল্পে তদারকি বৃদ্ধির ওপর সভাপতি গুরুত্বারোপ করেন। | বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ) কর্তৃক উত্থাপিত আপত্তি নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি/ অপারেশন ডিভিশন/ অর্থ ডিভিশন |
| **৬। আশুগঞ্জ স্থাপনায় কনডেনসেট গ্রহণ ও সরবরাহ :** | | | |
| ৬.১। | সভায় উল্লেখ করা হয় যে, আশুগঞ্জ কনডেনসেট হ্যান্ডলিং স্থাপনায় ২০২২-২০২৩ অর্থবছরে এ পর্যন্ত ৭ কোটি ৬৬ লক্ষ লিটার কনডেনসেট ডেলিভারি হওয়ায় ফেব্রুয়ারি ২০২৩ মাসেই লক্ষ্যমাত্রার প্রায় ১০০% অর্জিত হয়েছে। ডিসেম্বর ২০২২ মাস হতে বিবিয়ানা গ্যাস ফিল্ডস থেকে পূর্বের তুলনায় বেশি পরিমাণে কনডেনসেট সরবরাহ করায় অর্থবছর শেষ হওয়ার পূর্বেই এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। বিবিয়ানা গ্যাস ফিল্ডস হতে কনডেনসেট সরবরাহের বর্তমান ধারা অব্যাহত থাকলে আশা করা যায় অর্থবছর শেষে লক্ষ্যমাত্রার প্রায় ১৮০% অর্জন করা সম্ভব হবে; যা কোম্পানির রাজস্ব আয়ে ইতিবাচক ভূমিকা রাখবে।<br>এ পর্যায়ে সভাপতি উল্লেখ করেন যে, এপিএ-এর লক্ষ্যমাত্রা/কোনো সূচকে ১২০% এর বেশি অর্জন হলে তার ব্যাখ্যা দেয়ার নিয়ম রয়েছে। কাজেই, এ বিষয়ের উপর ব্যাখ্যা প্রস্তুত করে এপিএ-এর টিম প্রধান বরাবর প্রেরণ করতে সভায় গুরুত্বারোপ করা হয়। | ২০২২ - ২০২৩ অর্থবছরের এপিএ-এর লক্ষ্যমাত্রা/সূচকে ১২০% এর বেশি অর্জন হলেই তার যথাযথ ব্যাখ্যা এপিএ-এর টিম প্রধান বরাবর প্রেরণ করতে হবে। | অপারেশন ডিভিশন/ সংশ্লিষ্ট ডিভিশন |

| | | | |
|---|---|---|---|
| ৬.২। | আশুগঞ্জ স্থাপনার ট্যাংক ক্যালিব্রেশন ও আনুষঙ্গিক কাজ সম্পন্নের বিষয়ে সভায় মহাব্যবস্থাপক (পিঅ্যান্ডডি) অবহিত করেন যে, এ বিষয়ে একটি প্রতিষ্ঠান থেকে Revised Estimate সংগ্রহ করা হয়েছে। যা পূর্বে প্রস্তুতকৃত প্রতিষ্ঠানের Estimate হতে কিছুটা বেশি। তিনি আরও উল্লেখ করেন যে, ক্যালিব্রেশন/রক্ষণাবেক্ষণকালীন সময়ে একটি ট্যাংক বন্ধ রেখে অপরটি চালাতে হবে। ফলে, স্থাপনার অপারেশনাল কাজে বিঘ্ন হতে পারে।<br><br>এছাড়া, আশুগঞ্জ স্থাপনার ট্যাংক ক্যালিব্রেশনের আবশ্যকতা ও যৌক্তিকতাসহ উক্ত সময়ে অপারেশনাল কাজ কিভাবে সম্পন্ন হবে এর উপর অপারেশন ডিভিশনের মতামত প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন। সভাপতিও এ বিষয়ে সহমত প্রকাশ করেন এবং আশুগঞ্জ সাইট/অপারেশন ডিভিশন হতে এ বিষয়ে নথি প্রেরণের দিক-নির্দেশনা প্রদান করেন। | আশুগঞ্জ স্থাপনার ট্যাংক ক্যালিব্রেশন ও আনুষঙ্গিক কাজ সম্পন্নের আবশ্যকতা ও যৌক্তিকতাসহ উক্ত সময়ে অপারেশনাল কাজ কিভাবে সম্পন্ন হবে তার উপর মতামত প্রদান করতে হবে।<br><br>অপারেশন ডিভিশনের মতামত ও কর্তৃপক্ষীয় দিক-নির্দেশনার আলোকে পিঅ্যান্ডডি ডিভিশন প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। | অপারেশন/ পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন |
| **৭। অটো গ্যাস স্টেশন এবং ইলেকট্রিক্যাল ভেহিক্যাল চার্জিং সিস্টেম স্থাপন:** | | | |
| | সভায় অবহিত করা হয় যে, ইলেকট্রিক্যাল ভেহিক্যাল চার্জিং স্টেশন স্থাপনের বিষয়টি SREDA কর্তৃক নিয়ন্ত্রিত হয়। SREDA এর সংশ্লিষ্ট কমিটির সভা ২৭/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত সভার সিদ্ধান্ত অবহিত হওয়ার পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br><br>অন্যদিকে, সভায় অবহিত করা হয় যে, অটো গ্যাস স্টেশন স্থাপন বিষয়ে বিস্ফোরক পরিদপ্তর বরাবর আবেদন করার পর উক্ত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা ইতিমধ্যে জোনাল ওয়ার্কশপ সাইট পরিদর্শন করেছেন।বিস্ফোরক পরিদপ্তর হতে সম্মতি পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | ইলেকট্রিক্যাল ভেহিক্যাল চার্জিং স্টেশন স্থাপনে SREDA এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>জোনাল ওয়ার্কশপে অটো গ্যাস স্টেশন স্থাপনের নিমিত্ত বিস্ফোরক পরিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | উপমহাব্যবস্থাপক (সিএসএস)/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br><br>উপমহাব্যবস্থাপক (সিএসএস)/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| **৮। সেন্ট্রাল ওয়ার্কশপের গ্যাস ডিসপেন্সিং ইউনিট :** | | | |
| | ব্যবস্থাপক (সেন্ট্রাল সিএনজি ওয়ার্কশপ) কর্তৃক সভায় অবহিত করা হয় যে, বর্তমানে কোম্পানির সেন্ট্রাল ওয়ার্কশপের ০২টি গ্যাস ডিসপেন্সিং ইউনিটের ৪টি নজেলের মাধ্যমে যানবাহনে সিএনজি সরবরাহ করা হচ্ছে; যা কম্প্রেসরের ক্যাপাসিটি অনুযায়ী যথেষ্ট। বিদ্যমান নজেলগুলোতে কোনো যান্ত্রিক ত্রুটি দেখা দিলে CompAir Compressor এর ইঞ্জিনের মেজর ওভারহোলিং এর সাথে ০১টি ডিসপেন্সার মেকানিক্যালি সচল করার জন্য কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয়ভাবে দরপ্রস্তাব আহ্বান করা হয়েছে। বর্তমানে Final Agreement স্বাক্ষরের পর্যায়ে রয়েছে। বর্ণিত কার্যাদি সম্পন্ন শেষে ডিসেপেন্সারটি অটোবিলিং সিষ্টেমের আওতায় আনার জন্য পৃথক দরপ্রস্তাব আহ্বান করতে হবে। Device প্রাপ্যতা সাপেক্ষে ভবিষ্যতে উক্ত ইউনিট থেকে প্রয়োজনে অটোবিলিং সিষ্টেমের মাধ্যমে সিএনজি সরবরাহ করা যেতে পারে। | CompAir Compressor এর ইঞ্জিনের মেজর ওভারহোলিং কাজ সম্পন্ন করতে হবে। | সিএনজি ডিভিশন |
| **৯। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) :** | | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় অবহিত করা হয় যে, ২০২২-২০১৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর অগ্রগতির বিষয়ে অর্ধ-বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। কোম্পানিতে এ অর্থবছরের জানুয়ারি ২০২৩ পর্যন্ত এপিএ-এর সকল কার্যক্ষেত্রের অগ্রগতি সন্তোষজনক। আশা করা যায় ১০০% লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। অন্যদিকে, APA এর আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), তথ্য অধিকার (RTI) বিষয়ক কর্মপরিকল্পনা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা তাদের স্ব-স্ব কর্মকান্ডের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে তথ্য অধিকার (RTI) বিষয়ক কোম্পানির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় অবহিত করেন যে, RTI কর্মপরিকল্পনার আওতায় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স হালনাগাদ করার জন্য মান নির্ধারিত রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, ই-নথিতে নথির শ্রেণিবিন্যাস স্বয়ংক্রিয়ভাবে হয়। ই-নথির ন্যায় হার্ড নথির শ্রেণিবিন্যাস করে তা সংরক্ষণ করতে সভায় গুরুত্ব সহকারে উল্লেখ করেন। আলোচনার এ পর্যায়ে সভাপতি এপিএ-এর ১০০% মান অর্জনের লক্ষ্যে কোম্পানিতে সম্প্রতি আয়োজিত কর্মশালার প্রশিক্ষক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এপিএ টিম প্রধানের পরামর্শ অনুযায়ী সকল কার্যসূচক বাস্তবায়ন করতে সভায় গুরুত্বারোপ করেন। একইসাথে নথির শ্রেণিবিন্যাস, তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতেও সভায় নির্দেশনা প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০১৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।<br><br>ই-নথির ন্যায় হার্ড নথির শ্রেণিবিন্যাস করে তা সংরক্ষণ করতে হবে।<br><br>নথির শ্রেণিবিন্যাস এবং তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুত ও হালনাগাদকরণ বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। | সকল ডিভিশন প্রধান/ এপিএ টিম প্রধান/ সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট<br><br>সকল ডিভিশন<br><br>প্রশাসন ডিভিশন |
| ১০। কোম্পানির আন্ত:কোম্পানি দেনা-পাওনা: | | | |
| - | কোম্পানির রাজস্ব কার্যক্রমের বিষয়ে সভায় উপমহাব্যবস্থাপক (অর্থ) অবহিত করেন যে, বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে দেনা-পাওনা নিয়মিতভাবে আদায় ও পরিশোধ করা হচ্ছে। ইতিমধ্যে তিতাস গ্যাস এলএনজি গ্রহণের বিপরীতে ৩ মাসের এলএনজি মার্জিনের বিল পরিশোধ করেছে। বিজিডিসিএল এবং কেজিডিসিএলও তিতাস গ্যাসের ন্যায় এলএনজি মার্জিন পরিশোধ করবে মর্মে মৌখিকভাবে অবহিত করেছে।<br>সংশোধিত বাজেট বিষয়ে সভায় আরও অবহিত করা হয় যে, এ বিষয়ে পেট্রোবাংলায় একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পেট্রোবাংলা থেকে প্রতিবেদন প্রাপ্তির পর তা অনুমোদনের জন্য বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে। | কোম্পানির দেনা-পাওনা দ্রুত আদায় /পরিশোধ করতে হবে এবং বিষয়টি নিবিড়ভাবে তদারকি করতে হবে। | অর্থ ডিভিশন/সংশ্লিষ্ট অন্যান্য ডিভিশন |
| ১১। | **নিরীক্ষা কার্যক্রম:** | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় অবহিত করা হয় যে, ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রচেষ্টা অব্যাহত থাকবে। কোম্পানির নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকল্পে ০৭/০৩/২০২৩ তারিখে একটি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। সভায় আরও অবহিত করা হয় যে, সম্প্রতি পেট্রোবাংলা থেকে আন্ত:নিরীক্ষা টিম কর্তৃক ১২/০২/২০২৩ থেকে ২২/০২/২০২৩ তারিখ কোম্পানির নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করেছে। কোম্পানির সকল ডিভিশন কর্তৃক তাদেরকে সহযোগিতা প্রদান করেছে। উক্ত টিম কোম্পানির নিরীক্ষা কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেছে। অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম বিষয়ে সভায় উল্লেখ করা হয় যে, এ সংক্রান্ত বিষয়ে পেট্রোবাংলায় আয়োজিত ওয়েব ভিত্তিক ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং (এএমএমএস-২) কর্মশালায় নিরীক্ষা ডিপার্টমেন্টের ০২জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালায় সকল কোম্পানিতে এ প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতিমধ্যে কোম্পানির এইচআর ডিপার্টমেন্ট থেকে এ কর্মশালা আয়োজনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। একই সাথে কোম্পানির নিরীক্ষা ডিপার্টমেন্টকে আরও সুসংগত ও স্বয়ংসম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় জনবলের সংস্থানসহ সাংগঠনিক কাঠামোয় অন্তর্ভুক্তির জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। | ১। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকল্পে দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br><br>২। কোম্পানির সকল আর্থিক কার্যক্রমের অভ্যন্তরীণ অডিট করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নিরীক্ষা ডিপার্টমেন্ট |
| **১২। বিবিধ :** | | | |
| | সভায় অবহিত করা হয় যে, মন্ত্রণালয়/সংস্থা/ কোম্পানির মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের বিপরীতে কিছু ডিভিশন থেকে হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন পাওয়া গেলেও কোনো কোনো ডিভিশন তা যথাসময়ে প্রেরণ করেন না। ফলে, বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রেরণে অনেক সময় বিলম্ব হয় যা কোম্পানির ভাবমূর্তি ক্ষুন্ন করে। সভার কার্যবিবরণী প্রেরণের পর যথাসময়ে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের জন্য সভায় সকলকে অনুরোধ করা হয়। | মন্ত্রণালয়/সংস্থা/মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুসরণে হালনাগাদ অগ্রগতি/বাস্তবায়ন প্রতিবেদন কোম্পানি সচিবালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে। | সকল ডিভিশন প্রধান |

১৩। পরিশেষে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

যাবেদ চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.২০২.০৬.০০১.২২.২৩

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

২) সচিব, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা

৪) উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল

৫) স্থাপনা প্রধান/ইনচার্জ, আরপিজিসিএল

যাবেদ চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক

১২৭

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
পার্সোনেল সেকশন

নম্বর ২৮.১৯.০০০০.৩০৩.৪৭.০০২.১৮.৭৭

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

## সভার বিজ্ঞপ্তি

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আওতায় ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ'২০২৩)-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আগামী ০৯ মার্চ ২০২৩, বৃহস্পতিবার, সকাল ১১.০০ টায় অনলাইনে নিম্নোক্ত জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হবে:

Date: 09 March 2023
Time: 11.00 AM, Thursday
Zoom Meeting ID: 828 570 2261
Passcode: 12345

<u>সভার আলোচ্যসুচি:</u>

| | |
|---|---|
| ১. | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় |
| ২. | সিটিজেন চার্টার, শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার আইন বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় |
| ৩. | বিবিধ |

উক্ত অনলাইন সভায় কোম্পানির অংশীজনসহ পেট্রোবাংলার অধীন কোম্পানিসমূহের প্রতিনিধিবৃন্দ এবং কোম্পানির সকল ফোকালপয়েন্টকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১-৩-২০২৩
যাবেদ চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: +৮৮০২৮৯০০১৪২
ইমেইল: md@rpgcl.org.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক (প্রশাসন), প্রশাসন পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২) ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল : একজন প্রতিনিধিকে অংশগ্রহণের অনুরোধসহ

৩) ব্যবস্থাপনা পরিচালক , বাপেক্স : একজন প্রতিনিধিকে অংশগ্রহণের অনুরোধসহ

৪) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড : একজন প্রতিনিধিকে অংশগ্রহণের অনুরোধসহ

RPGCL রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

আরপিজিসিএল ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।

www.rpgcl.org.bd

সূত্র: ২৮.১৯.০০০০.৩০৩.৪৭.০০২.২২-

তারিখ: ১২ মার্চ ২০২৩

**বিষয়: আরপিজিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ, ২০২৩) অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

- **সভাপতি** : জনাব যাবেদ চৌধুরী,
  ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, আরপিজিসিএল।
- **তারিখ** : ৯ মার্চ ২০২৩, বৃহঃবার
- **সময়** : সকাল ১১:০০ টা
- **স্থান** : অনলাইন জুম প্লাটফর্ম।
- **উপস্থিতি** : রেকর্ডেড

২। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সূচনা বক্তব্যে উল্লেখ করেন যে, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, সিটিজেন চার্টার, জিআরএস ও আরটিআই অনেক ভালো ভূমিকা পালন করছে। কোম্পানির কাজে স্বচ্ছতা, জবাবদিহি ও অংশীজনদের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার লক্ষ্যে এ ধরনের সভা আয়োজন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। অংশীজনদের পারস্পরিক অধিকার রক্ষায় আরপিজিসিএল সর্বদা সচেষ্ট। অংশীজনদের পরামর্শ কিংবা কোনো যৌক্তিক অভিযোগ থাকলে সেসব বিষয়ে সমাধান করা যেতে পারে। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে সভায় কোম্পানির উপমহাব্যবস্থাপক (এইচআর) ও নৈতিকতা কমিটির ফোকালপয়েন্ট আরপিজিসিএল-এর ২০২২-২০২৩-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় এপিএ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের সভায় শুদ্ধাচারসহ সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ও তথ্য অধিকার আইন (আরটিআই) বিষয়ে সংশ্লিষ্ট ফোকালপয়েন্টবৃন্দ তথ্য অবহিত করেন।

২.২। সভায় অবহিত করা হয় যে, সিলেট অঞ্চলের গ্যাসফিল্ডসমূহ যেমন- আন্তর্জাতিক গ্যাস কোম্পানি শেভরন-এর বিবিয়ানা ও জালালাবাদ গ্যাস ফিল্ডস এবং সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেডের বিয়ানীবাজার, কৈলাশটিলা ও রশিদপুর গ্যাস ফিল্ডস-এর গ্যাসের উপজাত হিসেবে প্রাপ্ত কনডেনসেট (অপরিশোধিত তেল) জিটিসিএল-এর মালিকানাধীন ৬ ইঞ্চি ব্যাস বিশিষ্ট প্রায় ১৭৪ কিলোমিটার দীর্ঘ উত্তর-দক্ষিণ পাইপলাইনের মাধ্যমে আশুগঞ্জে প্রেরণ করা হয়। সিলেট এলাকা থেকে প্রেরিত কনডেনসেট আশুগঞ্জে স্থাপিত আরপিজিসিএল-এর দুটি স্টোরেজ ট্যাংকে গ্রহণ ও মজুত করে সেখান থেকে বিপিসি'র তৈল বিপণন কোম্পানি পদ্মা, মেঘনা ও যমুনা এবং অনুমোদিত বেসরকারি রিফাইনারিসমূহের নিকট জাহাজযোগে কনডেনসেট সরবরাহ করাই আশুগঞ্জ কনডেনসেট হ্যান্ডলিং স্থাপনার মূল কাজ। আরপিজিসিএল ০১ মার্চ ২০০১ হতে আশুগঞ্জ স্থাপনা থেকে কনডেনসেট ডেলিভারি করছে।

২.৩। সভায় আরও অবহিত করা হয় যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক কনডেনসেট বরাদ্দ প্রদান, পেট্রোবাংলার নির্দেশনা এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আরপিজিসিএল এবং কনডেনসেট বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের সঙ্গে কনডেনসেট ক্রয়-বিক্রয় চুক্তি সম্পাদিত হয়। তদনুযায়ী অগ্রিম অর্থ পরিশোধের পর কনডেনসেট সরবরাহ করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরে সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেডে ৮,৭৪,০৫,২১৩ লিটার; পেট্রোম্যাক্স রিফাইনারী লিমিটেডে ৯,৬০,৩৮,৮০৯ লিটার; এ্যাকোয়া রিফাইনারী লিমিটেডে ৯০,৮২,৮২৬ লিটার এবং পার্টেক্স পেট্রো লিমিটেড-কে এককালীন ৪৯,৫৩,৬১৬ লিটার কনডেনসেট সরবরাহ করা হয়েছে।

২.৪। কনডেনসেট হ্যান্ডলিং সংক্রান্ত কাজে নিয়োজিত এ্যাকোয়া রিফাইনারী লিমিটেড-এর প্রতিনিধি আরপিজিসিএল কর্তৃপক্ষকে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা আয়োজন করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এ ধরনের সভা প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবদিহি অনেকাংশে নিশ্চিত করতে ইতিবাচক ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। পেট্রোম্যাক্স রিফাইনারী লিমিটেড-এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, আরপিজিসিএল-এর আশুগঞ্জ স্থাপনা থেকে তারা সরকারের বরাদ্দ মোতাবেক কনডেনসেট ডেলিভারি গ্রহণ করে থাকেন। সম্পাদিত চুক্তি অনুসরণে তারা নিয়মিত কনডেনসেট পাচ্ছেন। আরপিজিসিএল-এর সঙ্গে পারস্পরিক সম্পর্ক ও কাজের পরিবেশ সবসময় উন্নত। সেবা প্রদানের মানও প্রশংসনীয়। এ পর্যন্ত কোনও বিরোধ হয়নি। সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড-এর প্রতিনিধি অভিমত ব্যক্ত করেন যে, আরপিজিসিএল-এর সঙ্গে তাদের প্রতিষ্ঠানের গভীর সুসম্পর্ক রয়েছে। সেবা প্রাপ্তিতে কখনও অভিযোগ দেওয়ার মতো পরিস্থিতি উদ্ভব হয়নি। তবে, কিছুদিন আগে কনডেনসেট-এর ডেলিভারির পরিমাণ কমে গেলেও বর্তমানে তা বৃদ্ধি পেয়েছে। এটি আশাব্যঞ্জক।

২.৫। পেট্রোবাংলার মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও নৈতিকতা কমিটির ফোকালপয়েন্ট এ প্রসঙ্গে অবহিত করেন যে, আশুগঞ্জ স্থাপনায় কনডেনসেট হ্যান্ডলিং কাজে অংশীজনদের বক্তব্য শুনে ভালো লেগেছে। আরপিজিসিএল-এর সেবার মান সন্তোষজনক হওয়ায় তিনি কোম্পানি কর্তৃপক্ষকেও ধন্যবাদ জ্ঞাপন করেন। ২০২২-২০২৩ অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কর্মসূচি সঠিক সময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের ওপর তিনি গুরুত্বারোপ করেন।

২.৬। সভায় পেট্রোবাংলার কোম্পানিসমূহের মধ্যে জিটিসিএল, কেজিডিসিএল, বিজিএফসিএল, টিজিটিডিসিএল ও জালালাবাদ গ্যাসের প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব কর্মপরিকল্পনার অগ্রগতি অবহিত করেন। জিটিসিএল ও বিজিএফসিএল-এর প্রতিনিধি অবহিত করেন যে, প্রাতিষ্ঠানিকভাবে তারা নিয়মিতভাবে আরপিজিসিএল-এর সিএনজি সংক্রান্ত সেবা গ্রহণ করে থকেন। আরপিজিসিএল সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সিএনজি সরবরাহ, কনভারশন, সিলিন্ডার রিটেস্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রেও অত্যন্ত ভালো ও সন্তোষজনক সেবা প্রদান করছে। এছাড়া, সভায় কোম্পানির মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (অপারেশন), কোম্পানি সচিব, মহাব্যবস্থাপক (এলএনজি), মহাব্যবস্থাপক (পিঅ্যান্ডডি) ও এপিএ বাস্তবায়ন টিম প্রধান কোম্পানির বিভিন্ন কার্যক্রম এবং সেবা সম্পর্কে আলোচনা করেন।

২.৭। আরপিজিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি বলেন, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় সেবাগ্রহীতার মতামতকে গুরুত্বপ্রদান, নাগরিকদের অভিযোগ পাওয়া গেলে প্রতিকারের ব্যবস্থা করাসহ কর্মক্ষেত্রে আরও স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) আরপিজিসিএল-এর আশুগঞ্জ স্থাপনা থেকে সরকারি বরাদ্দ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কনডেনসেট বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সম্পাদিত চুক্তি অনুসরণে পদ্ধতিগত প্রক্রিয়ায় কনডেনসেট ডেলিভারি প্রদান করতে হবে;

খ) ২০২২-২০২৩ অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কর্মসূচি সঠিক সময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন এবং প্রমাণকসহ পেট্রোবাংলায় প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

Zaved Chowdhury 12-06-2026

(যাবেদ চৌধুরী)
ব্যবস্থপনা পরিচালক ও
সভাপতি, নৈতিকতা কমিটি, আরপিজিসিএল।

রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
www.rpgcl.org.bd
এইচআরডি সেকশন

নম্বর: ২৮.১৯.০০০০.৩০৪.২৫.০০১.২১.৫

তারিখ: ৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

## অফিস আদেশ

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ( APA) এর আওতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ।

মানবসম্পদের দক্ষতা উন্নয়নে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড (আরপিজিসিএল) এর কর্মকর্তাদের জন্য নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে :

| ক্রমিক | প্রশিক্ষণের বিষয় | তারিখ, সময় ও স্থান | মূখ্য রিসোর্স পারসন্স | বিকল্প রিসোর্স পারসন্স |
|---|---|---|---|---|
| ১। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক | ২৩ জানুয়ারি ২০২৩, সোমবার সকাল ১০.০০ টা- বেলা ৩.০০ টা আরপিজিসিএল মাল্টিপারপাস হল রুম (৭মতলা) প্লট-২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা। | মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তা | জনাব তাহমিনা বেগম,উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) ও ফোকালপয়েন্ট (GRS) |
| ২। | তথ্য অধিকার আইন,২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয় | ২৪ জানুয়ারি ২০২৩, মঙ্গলবার সকাল ১০.০০ টা- বেলা ৩.০০ টা আরপিজিসিএল মাল্টিপারপাস হল রুম (৭মতলা) প্লট-২৭, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা | ড. মো: আ: হাকিম পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন | জনাব মো: মোশারফ হোসেন, উপমহাব্যবস্থাপক (কোম্পানি অ্যাফেয়ার্স) ও ফোকাল পন্ট (RTI) |

০২। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় সংযুক্ত তালিকা মোতাবেক কর্মকর্তাদের নির্ধারিত তারিখ, সময় ও স্থানে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো ।

সংযুক্তি : কর্মকর্তাদের নামের তালিকা ।

১৯-১-২০২৩

প্রকৌ: মো: আলমগীর সরকার

মহাব্যবস্থাপক (প্রশাসন)

ফোন: +৮৮০২৮৯০০১৩৬

ফ্যাক্স: ৮৮০ ২ ৫৮৯৫৩৯৪৮

ইমেইল:

engrmasarker@gmail.com

নম্বর: ২৮.১৯.০০০০.৩০৪.২৫.০০১.২১.৫/১(১০০)

তারিখ: ৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা

২) উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল

৩) ব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল

৪) উপব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল

৫) সহকারী ব্যবস্থাপক/সহকারী প্রকৌশলী (সকল), আরপিজিসিএল

৬) সহকারী কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী (সকল), আরপিজিসিএল

১৯-১-২০২৩

প্রকৌ: মো: আলমগীর সরকার

মহাব্যবস্থাপক (প্রশাসন)

## RPGCL রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

| প্রশিক্ষণের বিষয় | রিসোর্স পারসন | তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| তথ্য অধিকার আইন,২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে | ড. মো: আ: হাকিম<br>পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ), তথ্য কমিশন | ২৪ জানুয়ারি ২০২৩, মঙ্গলবার<br>সকাল ১০.০০ টা- দুপুর ৩.০০ টা<br>আরপিজিসিএল মাল্টিপারপাস হল রুম<br>(৭ম তলা) |

জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়:

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবি | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ বুরহানুদ্দীন, উপমহাব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | ২৪.১.২৩ |
| ০২. | প্রকৌ. মোঃ শফিকুল ইসলাম, উপমহাব্যবস্থাপক | সিএনজি বিভাগ | ছুটিতে ছিলেন |
| ০৩. | জনাব মোঃ মোশারফ হোসেন, উপমহাব্যবস্থাপক ও ফোকালপয়েন্ট, RTI | কোম্পানি সচিবালয় | 24/01/23 |
| ০৪. | প্রকৌ. মোঃ জহিরুল হক চৌধুরী, উপমহাব্যবস্থাপক | পিএন্ডডি বিভাগ | ২৪/০১/২০২৩ |
| ০৫. | প্রকৌ. মোহাম্মদ সাইফুল্লাহ কবীর,উপমহাব্যবস্থাপক | এলএনজি বিভাগ | ২৪/০১/২৩ |
| ০৬. | প্রকৌ. মোঃ আলী আজ্জাহিদ খান,উপমহাব্যবস্থাপক | এলএনজি বিভাগ | ২৪/০১/২০২৩ |
| ০৭. | জনাব মতিউর রহমান, উপমহাব্যবস্থাপক | এলএনজি বিভাগ | 24.01.2023 |
| ০৮. | জনাব মোঃ মিজানুর রহমান, উপমহাব্যবস্থাপক (চ.দা) | প্রশাসন বিভাগ | ২৪/০১/২৩ |
| ০৯. | প্রকৌ. শুভ বড়ুয়া,ব্যবস্থাপক | সিএনজি বিভাগ | ২৪/০১/২৩ |
| ১০. | জনাব মাহমুদা বেগম,ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | ২৪.১.২৩ |
| ১১. | প্রকৌ. মোঃ আবু ওয়ায়েছ,ব্যবস্থাপক | এলএনজি বিভাগ | 24/01/23 |

জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়:

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবি | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২. | জনাব শামীম আহমেদ খান,ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | ২৪-০১-২৬ |
| ১৩. | জনাব লুৎফুন্নাহার,ব্যবস্থাপক | অর্থ বিভাগ | ২৪/১/২৬ |
| ১৪. | জনাব মাসুদ রানা ফেরদৌস, ব্যবস্থাপক ও বিকল্প কর্মকর্তা, RTI | কোম্পানি সচিবালয় | ২৪/০১/২৬ |
| ১৫. | প্রকৌ. মোঃ মনোয়ারুল ইসলাম,ব্যবস্থাপক | সিএনজি বিভাগ | ২৪/০১/২০২৬ |
| ১৬. | জনাব মোঃ ফিরোজ আলম চৌধুরী, ব্যবস্থাপক | নিরীক্ষা ডিপার্টমেন্ট | |
| ১৭. | জনাব ওয়াসিম সাফকাত খান,ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | ২৪/০১/২৬ |
| ১৮. | প্রকৌ. শেখ মোঃ কামাল উদ্দীন,উপব্যবস্থাপক | অপারেশন বিভাগ | |
| ১৯. | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান,উপব্যবস্থাপক | অর্থ বিভাগ | ২৪/১/২৬ |
| ২০. | জনাব মোঃ আবুল বাসার, উপব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | ২৪/১/২৬ |
| ২১. | জনাব এ.এস.এম. শফিউল আলম, উপব্যবস্থাপক | পিএন্ডডি বিভাগ | ২৪/০১/২৬ |
| ২২. | জনাব সালাহ উদ্দিন, উপব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | ২৪/১/২৬ |
| ২৩. | জনাব মোঃ আজিজুর রহমান,উপব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | |

জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়:

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবি | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২৪. | জনাব হাসান আব্দুল্লাহ,উপব্যবস্থাপক | কোম্পানি সচিবালয় | দাপ্তরিক কাজে বাইরে |
| ২৫. | জনাব মোঃ আনওয়ারুল হক,সহ:ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | 28/01/23 |
| ২৬. | জনাব শরীফ-উদ-দোজা খান,সহ:ব্যবস্থাপক | অর্থ বিভাগ | ২৪/০১/২৩ |
| ২৭. | জনাব মোহাম্মদ জাহিদুল হক,সহ:ব্যবস্থাপক | এলএনজি বিভাগ | 24/1/23 |
| ২৮. | জনাব মোঃ হাফিজ উদ্দীন,সহ:ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | |
| ২৯. | জনাব মোঃ মাজহারুল ইসলাম,সহ:ব্যবস্থাপক | জোনাল ওয়ার্কশপ,<br>সিএনজি বিভাগ | 24/1/23 |
| ৩০. | জনাব মোঃ শাহজাহান আলী,সহ:ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | 24/1/23 |
| ৩১. | জনাব মোঃ আবুল কালাম আজাদ,সহ:ব্যবস্থাপক | সেন্ট্রাল ওয়ার্কশপ,<br>সিএনজি বিভাগ | |
| ৩২. | জনাব মোঃ জিয়াউর রহমান,সহকারী ব্যবস্থাপক | সেন্ট্রাল ওয়ার্কশপ,<br>সিএনজি বিভাগ | |
| ৩৩. | প্রকৌ. মোঃ রাফিউর রহমান,সহকারী প্রকৌশলী | এলএনজি বিভাগ<br>Rafiur Rahman | |
| ৩৪. | জনাব সিফাত আরা বাশার, সহ:ব্যবস্থাপক | অর্থ বিভাগ | 24-01-23 |
| ৩৫. | প্রকৌ. মোঃ রাশেদুল হাসান রিপন, সহকারী প্রকৌশলী | এলএনজি বিভাগ | Rashedul<br>24.01.2023 |

জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়:

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবি | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৬. | জনাব রাকিবুল ইসলাম, সহ:ব্যবস্থাপক | অর্থ বিভাগ | 28/02/26 |
| ৩৭. | জনাব ইসরাত জাহান, সহ:ব্যবস্থাপক | প্রশাসন বিভাগ | 28/02/26 |
| ৩৮. | প্রকৌ. মোঃ তরিকুল ইসলাম,সহকারী প্রকৌশলী | পিএন্ডডি বিভাগ | 28/02/2026 |
| ৩৯. | জনাব মোঃ মনিরুজ্জামান,সহকারী কর্মকর্তা | সিএনজি বিভাগ | Moniruzzaman 28/02/26 |
| ৪০. | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন,সহকারী কর্মকর্তা | প্রশাসন বিভাগ | 28-02-26 |
| ৪১. | জনাব সাদাফ তানিয়া, সহকারী কর্মকর্তা | প্রশাসন বিভাগ | 28-02-26 |
| ৪২. | জনাব মোঃ ওমর ফারুক,সহকারী কর্মকর্তা | প্রশাসন বিভাগ | 28/02/2026 |
| ৪৩. | জনাব মোঃ তারিফ মাহমুদ,সহকারী কর্মকর্তা | ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর | 28/02/2026 |
| ৪৪. | জনাব মোঃ আনিচউজ্জামান,সহকারী কর্মকর্তা | অপারেশন বিভাগ | 28/02/26 |
| ৪৫. | জনাব মোঃ রেজাউল করিম,উপসহকারী প্রকৌশলী | এলএনজি বিভাগ | 28/02/26 |
| ৪৬. | জনাব কাকন রানা,উপসহকারী প্রকৌশলী | পিএন্ডডি বিভাগ | 28/02/26 |

জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়:

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবি | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৪৭. | জনাব আব্দুল্লাহ বিন ময়াজ,উপসহকারী প্রকৌশলী | প্রশাসন বিভাগ | 24.01.23 |
| ৪৮. | জনাব ইমতিয়াজ আহম্মেদ,উপসহকারী প্রকৌশলী | সিএনজি বিভাগ | 24.01.2023 |
| ৪৯. | জনাব মোঃ গিয়াস উদ্দিন,সহকারী কর্মকর্তা | অর্থ বিভাগ | 24.01.23 |
| ৫০. | জনাব মোঃ রাকিবুল হাসান,উপসহকারী প্রকৌশলী | এলএনজি বিভাগ | |